

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫ কলেজ রোড, ঢাকা-১০০০
www.bjsc.gov.bd

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০২.১৮-২৪

তারিখ : ১২ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ দ্বাদশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৮-এ সাময়িকভাবে মনোনীত প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১২শ বিজেএস পরীক্ষা, ২০১৮ এর প্রকাশিত (সংশোধিত) ফলাফলের ভিত্তিতে সহকারী জজ পদে নিয়োগের নিমিত্ত সাময়িকভাবে মনোনীত নিম্নলিখিত রোল নম্বরধারী প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মেডিকেল কলেজ হাসপাতালে অনুষ্ঠিত হবে :

স্বাস্থ্য পরীক্ষার তারিখ ও সময়	প্রার্থীর রোল নম্বর	স্বাস্থ্য পরীক্ষা গ্রহণের স্থান
১২/০৬/২০১৯ খ্রিঃ রোজ-বুধবার সকাল-০৮:৩০ ঘটিকা।	৯০৬৫	জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা

প্রার্থীর জন্য নির্দেশাবলি :

১। প্রবেশপত্র ছাড়া পরীক্ষার্থীকে স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে BJS Online Registration System এ log in করে প্রবেশপত্রের প্রিন্ট নেওয়া যাবে।

২। এছাড়াও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

(ক) পিছন-সামনে অবস্থানে বুকের এক্সরে (সত্যায়িত দস্তখত ও চিহ্নিত করণের দাগের উল্লেখ থাকতে হবে) ফটো এবং তৎসংশ্লিষ্ট রিপোর্ট বোর্ডের নিকট পেশ করতে হবে।

(খ) একজন চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে চক্ষু পরীক্ষার সার্টিফিকেট/রিপোর্ট বোর্ডের নিকট পেশ করতে হবে।

(গ) প্রস্রাব পরীক্ষার জন্য প্রার্থীকে নগদ ২০/- (বিশ) টাকা দিতে হবে।

(ঘ) স্বাস্থ্য পরীক্ষার নির্দিষ্ট দিনে বোর্ডের সভাপতির নিকট প্রার্থীকে সরকারি ট্রেজারী অথবা বাংলাদেশ ব্যাংকে-

১ ২ ৭ ১ ১ ০ ০ ০ ০ ২ ৬ ৮ ১

- এই কোড নম্বরে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে জমাকৃত মূল ট্রেজারী চালান ও স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সদস্যদের ফি বাবদ অতিরিক্ত নগদ ৫০/- (পঞ্চাশ) টাকা বোর্ডের নিকট দাখিল করতে হবে।


(এস, এম, আনিসুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)